

ডুমুরিয়া মহাবিদ্যালয়ে  
পরীক্ষা কেন্দ্র  
বহালের দাবি

■ ডুমুরিয়া (খুলনা) সংবাদদাতা

উপজেলা সদরে অবস্থিত ডুমুরিয়া মহাবিদ্যালয়ের পরীক্ষা কেন্দ্র বহাল রাখার দাবিতে শনিবার দুপুরে এক সংবাদ সম্মেলন করা হয়েছে।

এতে লিখিত বক্তব্য পাঠ করেন মহাবিদ্যালয়ের স্টাফ কাউন্সিলের সদস্য সচিব সহকারী অধ্যাপক শেখ মোফাজ্জল হোসেন। লিখিত বক্তব্যে উল্লেখ করা হয়, জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক ১১ ডিসেম্বর মহাবিদ্যালয়ের সজ্ঞপতিকে একটি চিঠি প্রেরণ করেছেন। এতে দায়িত্ব পালনে ব্যর্থতা এবং অবহেলার জন্য অধ্যক্ষের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গের বিষয় বলা হয়।

চিঠিটি মহাবিদ্যালয় পৌছানোর পর আগামী ডিগ্রি পরীক্ষার্থীদের মধ্যে ভীতি পরিলক্ষিত হয়। এছাড়া আগামী শিক্ষাবর্ষে অত্র মহাবিদ্যালয়ে স্নাতক শ্রেণীতে নতুন শিক্ষার্থী ভর্তি না হওয়া আশংকা দেখা দিয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানটিকে বাঁচিয়ে রাখতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা করা হয়। সম্মেলনে মহাবিদ্যালয়ে স্টাফ কাউন্সিলের সকল প্রতিনিধি উপস্থিত ছিলেন।